২০১৯ কমনওয়েলথ ছোট গল্প পুরস্কার

নির্বাচনযোগ্যতা ও অংশগ্রহণের নিয়মাবলী

অনলাইন অংশগ্রহণ করার আগে নিয়মাবলী মনোযোগ দিয়ে পড়ে নিন। অনলাইন ফর্ম ১ সেপ্টেম্বর থেকে পাওয়া যাবে।

গল্প জমা দেওয়ার অর্থ নিয়মাবলী মেনে নেওয়া।

যদি নির্বাচনযোগ্যতা ও অংশগ্রহণ নিয়ে এমন কোনো প্রশ্ন থাকে যার নিয়মাবলীতে উল্লেখ নেই, writers@commonwealth.int কে ইমেইল করে বিশদ জেনে নিন।

প্রতিযোগিতা শুরু:
১ সেপ্টেম্বর, ২০১৮

প্রতিযোগিতা শেষ:
১ নভেম্বর, ২০১৮

অনলাইন ফর্মের মাধ্যমে গল্প জমা দেওয়ার শেষ তারিখ ১ নভেম্বর, ২০১৮
(রাত ১১:৫৯, যে কোনো টাইম জোনে)
এই তারিখের পরে জমা দেওয়া গল্প বিবেচিত হবে না।

১. পুরস্কার সংক্রান্ত তথ্য

ক. কমনওয়েলথ ফাউন্ডেশনের তরফ থেকে আর্থিক ও সামগ্রিক রূপে পরিচালিত কমনওয়েলথ ছোট গল্প পুরস্কার অপ্রকাশিত ছোট গল্পের জন্য একটি বার্ষিক পুরস্কার।

খ. কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের কার্যনির্বাহী দায়িত্ব কমনওয়েলথ ফাউন্ডেশনের সাংস্কৃতিক উদ্যোগ কমনওয়েলথ রাইটার্সের ওপর।

গ. এই পুরস্কার চারটি কমনওয়েলথ অঞ্চলের জন্য। ১. আফ্রিকা ২. এশিয়া ৩. ক্যানাডা ও ইউরোপ ৪. ক্যারিবিয়ান এবং ৫. প্যাসিফিক।

ঘ. আন্তর্জাতিক বিচারক মণ্ডলীর পাঁচজন সদস্যে একেকজন একেকটি অঞ্চলের প্রতিনিধি। মনে রাখবেন, বিজয়ী গল্প অঞ্চল অনুযায়ী বাছা হবে, কিন্তু সমস্ত বিচারকরাই প্রত্যেকটি গল্প পড়বেন এবং বিবেচনা করবেন।

ঙ. পাঁচজন বিজয়ী ঘোষিত হবেন, প্রত্যেকটি অঞ্চল থেকে একজন করে। আঞ্চলিক বিজয়ীদের মধ্যে একজন সামগ্রিক ভাবে বিজয়ী নির্ণীত হবেন। কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের বিজয়ী £৫,০০০ পাবেন, এবং বাকি চারজন আঞ্চলিক বিজয়ী £২,৫০০ করে পাবেন। বিজয়ী গল্প যদি অনুবাদ হয়, অনুবাদকও আর্থিক পুরস্কার পাবেন।

চ. আন্তর্জাতিক বিচারক মণ্ডলী বিজয়ীদের নির্বাচন করবেন। গল্পের লংলিস্ট প্রস্তুত করতে অভিজ্ঞ পাঠকরা বিচারকদের সহায়তা করবেন।

২. নির্বাচনযোগ্যতা

ক. অংশগ্রহণকারীদের কমনওয়েলথ দেশের নাগরিক হতে হবে। ৪ নং অংশে কমনওয়েলথ দেশের সম্পূর্ণ তালিকা দেওয়া আছে। বিজয়ীদের নির্বাচন করার পূর্বে কমনওয়েলথ ফাউন্ডেশনের তরফ থেকে নাগরিকত্বের প্রমাণ চাওয়া হবে। কমনওয়েলথ দেশ ব্যতীত অন্য দেশের নাগরিকদের গল্প পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না।

খ. লেখক যে দেশের নাগরিক সে ভিত্তিতে আঞ্চলিক বিবেচনা করা হবে। যদি লেখক একাধিক দেশের নাগরিক হন, সে ক্ষেত্রে তিনি যে দেশে স্থায়ীভাবে বসবাস করেন সেই দেশের ভিত্তিতে বিবেচনা করা হবে।

গ. কমনওয়েলথ দেশের নাগরিক হলে লেখকদের বর্তমানে কোন কমনওয়েলথ দেশেই বসবাস করতে হবে নিয়মাবলীতে এমন কোনো শর্ত নেই।

ঘ. অংশগ্রহণকারীদের ১ নভেম্বর ২০১৮ তারিখে আঠেরো বছর বা তার চেয়ে বেশি বয়েসের হতে হবে।

ঙ. কমনওয়েলথ ফাউন্ডেশনের বিবেচনা অনুযায়ী অংশগ্রহণকারীদের গল্প গ্রহণ বা প্রত্যাখ্যান করা হবে। নির্বাচনযোগ্যতার বিচার পুরস্কারের চেয়ারপার্সনের সঙ্গে আলোচনার ভিত্তিতে করা হবে। চেয়ারপার্সনের সিদ্ধান্ত চূড়ান্ত ধার্য করা হবে এবং এ নিয়ে কোনো চিঠিপত্র গৃহীত হবে না।

চ. কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের প্রাক্তন সামগ্রিক বিজয়ীদের গল্প নির্বাচনযোগ্য বিবেচিত হবে না। কিন্তু প্রাক্তন আঞ্চলিক বিজয়ীদের গল্প নির্বাচনযোগ্য বিবেচিত হবে।

ছ. কমনওয়েলথ ফাউন্ডেশনের বর্তমান কর্মচারীদের গল্প নির্বাচনযোগ্য বিবেচিত হবে না।

জ. সমস্ত গল্প জমা দেওয়ার সময় অপ্রকাশিত হতে হবে, এবং ১ মে ২০১৯ তারিখের পূর্বে কোথাও প্রকাশ করা যাবে না।

৩. অংশগ্রহণের নিয়মাবলী

ক. অনুবাদ সহ সমস্ত গল্প মূল লেখককে জমা দিতে হবে।

খ. শুধুমাত্র অনলাইন ফর্মের মাধ্যমেই গল্প জমা দেওয়া যাবে।

গ. গল্প জমা দেওয়ার শেষ তারিখ ১ নভেম্বর ২০১৮ (যে কোনো টাইম জোনের রাত ১১.৫৯)।

ঘ. কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের জন্য একজন লেখক শুধুমাত্র একটি গল্প জমা দিতে পারবেন।

ঙ. গল্পটি লেখকের নিজস্ব লেখা হতে হবে।

চ. গল্পটি মৌলিক হতে হবে এবং মে ১ ২০১৯ পর্যন্ত আংশিক বা সম্পূর্ণ ভাবে অপ্রকাশিত হতে হবে। প্রকাশিত অর্থে জনসাধারণের দ্বারা পড়া সম্ভব যে কোনো বই, গল্পসংগ্রহ, পত্রিকা, সংবাদপত্র, ইত্যাদি, সমস্ত ধরণের মুদ্রিত প্রকাশনার কথা উল্লেখ করা হচ্ছে। ব্যক্তিগত ব্লগ বা ওয়েবসাইট ব্যতীত সমস্ত অনলাইন প্রকাশনাও এর মধ্যে অন্তর্ভুক্ত।

ছ. কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের জন্য ইতিপূর্বে জমা দেওয়া গল্প নির্বাচনযোগ্য বিবেচিত হবে না।

জ. গল্প ইংরিজি ভাষায় হতে হবে, কয়েকটি ব্যতিক্রম বাদ দিয়ে: যে সব কমনওয়েলথ দেশের নাগরিকদের বাংলা, চাইনিজ, কিসোয়াহিলি, মালয়, পর্তুগিজ, সামোয়ান, তামিল অথবা ভাষায় লেখা গল্পের অনুবাদ নেই, তাঁরা মূল ভাষায় গল্প জমা দিতে পারেন। অন্যান্য ভাষায় লেখা গল্পের

ইংরিজি অনুবাদ নির্বাচনযোগ্য বিবেচিত হবে, যদি মূল লেখক (অনুবাদক নন) গল্পটি জমা দেন এবং অনুবাদক কোনো কমনওয়েলথ দেশের নাগরিক হন।

ঝ. একাধিক স্থানে গল্প জমা দেওয়া যেতে পারে। কিন্তু কোনো গল্প অন্য কোথাও প্রকাশের জন্য মনোনীত হলে অথবা অন্য কোন পুরস্কার পেলে লেখককে তৎক্ষণাৎ কমনওয়েলথ ছোট গল্প পুরস্কারের কতৃপক্ষকে তা জানাতে হবে।

ঞ. গল্পের দৈর্ঘ অন্তত ২,০০০ শব্দ এবং সর্বাধিক ৫,০০০ শব্দ হতে হবে।

ট. গল্প পিডিএফ ডক্যুমেন্ট হিসেবে জমা দিতে হবে। আপনার ফাইল পিডিএফ হিসেবে সেভ করে গল্পের শিরোনামটিকে ফাইলের নাম হিসেবে ব্যবহার করবেন। আপনার ফাইলের জন্য 'কমনওয়েলথ গল্প' বা 'ছোট গল্প' জাতীয় কোনো সর্বজনীন নাম ব্যবহার করবেন না। যদি পিডিএফ হিসেবে সেভ করতে অক্ষম হন, ফাইলটি ওয়র্ড ডক্যুমেন্ট হিসেবে জমা দিতে পারেন, ফাইল নামকরণের উপরোক্ত প্রথা বজায় রেখে। প্রথম পাতায় গল্পের নাম এবং শব্দ সংখ্যা থাকা দরকার।

ঠ. লেখকের যাবতীয় তথ্য এন্ট্রি ফর্মে উল্লেখ করতে হবে। এই তথ্য জমা দেওয়া ফাইলের কোথাও থাকা চলবে না। সমস্ত গল্পের মূল্যায়ন অজ্ঞাতনামা ভাবে করা হয়।

ড. যেখানে প্রযোজ্য, অনুবাদকের তথ্য এন্ট্রি ফর্মে উল্লেখ করতে হবে।

ঢ. জমা দেওয়ার ফাইল ১২ পয়েন্ট ফন্টে এবং ডাবল লাইন স্পেসিং দিয়ে প্রস্তুত করতে হবে। প্রত্যেকটি পৃষ্ঠার নম্বর থাকা প্রয়োজন, এবং গল্পের শিরোনাম ফাইলের হেডার হিসেবে ব্যবহার করা প্রয়োজন।

ণ. গল্পের পটভূমিকা, বিষয় এবং ধারা বা রীতি (জনর) সংক্রান্ত কোনো নিষেধাজ্ঞা নেই।

ত. গল্পটি প্রাপ্তবয়স্কদের জন্য হতে হবে—শুধুমাত্র শিশুদের জন্য যেন লেখা না হয়ে থাকে।

থ. গল্প জমা দেওয়ার অর্থ লেখক সম্মতি দিচ্ছেন যে সংগঠকরা প্রয়োজন মতো এই তথ্যটি প্রচার করতে পারেন।

দ. গল্পের আন্তর্জাতিক লেখস্বত্ব লেখকেরই সম্পত্তি থাকবে। কমনওয়েলথ রাইটার্সের অবাধ অধিকার থাকবে বিজয়ী গল্পগুলি (সামগ্রিকভাবে বিজয়ী গল্পটি এবং অন্য চারটি আঞ্চলিক ভাবে বিজয়ী গল্পগুলি) কোনো গল্পসংগ্রহে এবং প্রচারের প্রয়োজনে প্রকাশ করার।

ধ. প্রত্যাশা করা হবে সামগ্রিক এবং আঞ্চলিক বিজয়ীরা প্রচার কার্যক্রমে যথাসম্ভব অংশ নেবেন, বিশেষ করে সোশ্যাল মিডিয়ায়।

ন. প্রত্যাশা করা হবে কমনওয়েলথ রাইটার্সের সম্প্রসার ও প্রচারের জন্য সামগ্রিক এবং আঞ্চলিক বিজয়ীরা পারস্পরিক সম্মতি অনুযায়ী আঞ্চলিক সংযোগ কার্যক্রম অংশ নেবেন।